সেমি অটো রাইস মিল ভাড়ার চুক্তিনামা

১ম পক্ষ (মিলের মালিক):
মোছাঃ ছাবিনা ইয়াসমিন
স্বামী: মৃত মোহাম্মদ আলী
গ্রাম: তেলিগ্রাম, ডাকঘর: তেলিগ্রাম
উপজেলা: ফুলবাড়ীয়া, জেলা: ময়মনসিংহ।
জন্ম তারিখ:
জাতীয় পরিচিতি নং:

২য় পক্ষ (ভাড়াটিয়া):
মোঃ নাছির উদ্দিন ফকির
পিতা: মোঃ মান্নান ফকির
মাতা: মোছাঃ নূরজাহান
গ্রাম: তেলিগ্রাম, ডাকঘর: তেলিগ্রাম
উপজেলা: ফুলবাড়ীয়া, জেলা: ময়মনসিংহ।
জন্ম তারিখ:
জাতীয় পরিচিতি নং:

পরম করুণাময় আল্লাহর নাম স্মরণপূর্বক সেমি অটো রাইস মিল ভাড়াটিয়া চুক্তিনামা লেখা আরম্ভ করিতেছি যে, ১ম পক্ষের স্বত্ব দখলীয় ও মালিকানাধীন ফুলবাড়ীয়া উপজেলাধীন ৪নং বালিয়ান ইউনিয়নের তেলিগ্রাম (বাপ্পা) গ্রামে লক্ষ্মীপুর–তেলিগ্রাম রোডের উত্তর পার্শ্বে অবস্থিত ১টি রাইস মিল, যাহার নাম “আল হেরা রাইস মিল”, বিদ্যমান আছে।

উক্ত রাইস মিলে ১টি থ্রি-ফেজ বৈদ্যুতিক মিটার, ৩০ হর্স পাওয়ার মোটর, ধান হোলার, হাফ বিল্ডিং ঘর, ধানের খলা, চুলা এবং প্রয়োজনীয় সকল যন্ত্রপাতি ও টুলস বিদ্যমান আছে।

উক্ত রাইস মিল অগ্রিম ভাড়াসহ ভাড়া দিতে ইচ্ছুক হইলে এবং ২য় পক্ষ যথাযথ ভাড়া প্রদান করিতে সম্মত হইলে, উভয় পক্ষ আলাপ-আলোচনার মাধ্যমে নিম্নলিখিত শর্তাবলীর ভিত্তিতে অত্র চুক্তিপত্র সুস্থ শরীরে ও স্বজ্ঞানে, নিম্নলিখিত হাজিরান মজলিশে স্বাক্ষীগণের সম্মুখে নিজ নিজ স্বাক্ষরের মাধ্যমে সম্পাদন করিলেন।

শর্তাবলী

০১। ভাড়াকৃত সেমি অটো রাইস মিলটির মেয়াদ ০১/০১/২০২৬ ইং তারিখ হইতে লাগাতার ৩১/১২/২০২৭ ইং তারিখ পর্যন্ত মোট ০২ (দুই) বৎসর নির্ধারণ করা হইল। তবে মেয়াদান্তে উভয় পক্ষ আলোচনা সাপেক্ষে পুনরায় চুক্তিবদ্ধ হইতে পারবেন।

০২। সেমি অটো রাইস মিলটির বাৎসরিক ভাড়া ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা নির্ধারণ করা হইল। প্রতি বৎসরের শুরুতে ২য় পক্ষ ১ম পক্ষকে ভাড়ার টাকা নগদ এককালীন পরিশোধ করিবেন। ডিসেম্বর মাসকে ভাড়া আদায়ের মাস নির্ধারণ করা হইল।

০৩। ২য় পক্ষ সেমি অটো রাইস মিলটির দখল বা কোনো অংশের দখল হস্তান্তর বা অন্য কাহারও নিকট সাবলেট প্রদান করিতে পারিবেন না।

০৪। ২য় পক্ষ উক্ত রাইস মিলের মিটার, মোটর, হোলার, ঘর, খলা, চুলা এবং প্রয়োজনীয় সকল যন্ত্রপাতি ও টুলস নষ্ট বা ক্ষতিগ্রস্ত হইলে নিজ খরচে মেরামত করিয়া নিবেন এবং রাইস মিলের দখল ছাড়িয়া দেওয়ার সময় সকল কিছু মেরামত করিয়া বুঝাইয়া দিবেন। ১ম পক্ষের অনুমতি ব্যতিরেকে ২য় পক্ষ সেমি অটো রাইস মিলটির কোনো পরিবর্তন বা সংস্কার করিতে পারিবেন না।

০৫। ২য় পক্ষ বেআইনি বা ক্ষতিকর কোনো ব্যবসা পরিচালনা করিতে পারিবেন না। করিলে ২য় পক্ষ এককভাবে দায়ী থাকিবেন। এইরূপ ঘটনা ঘটিলে ১ম পক্ষ যে কোনো সময় ২য় পক্ষকে উচ্ছেদ করিতে পারিবেন।

০৬। ২য় পক্ষ কোনো কারণে সেমি অটো রাইস মিলটি ছাড়িয়া দিতে চাইলে কমপক্ষে ০৩ (তিন) মাস পূর্বে ১ম পক্ষকে লিখিতভাবে অবহিত করিবেন। ১ম পক্ষ নিজস্ব প্রয়োজনে কমপক্ষে ০৩ (তিন) মাসের লিখিত নোটিশ প্রদানপূর্বক ২য় পক্ষকে উচ্ছেদ করিতে পারিবেন।

০৭। সেমি অটো রাইস মিলটির বিদ্যুৎ বিল, ব্যবসায়িক করাদি ২য় পক্ষ নিয়মিত পরিশোধ করিবেন। সরকারি রাজস্বাদি ১ম পক্ষ যথারীতি পরিশোধ করিবেন।

০৮। ১ম পক্ষ নিজস্ব ব্যয়ে ১টি বৈদ্যুতিক ট্রান্সফরমার স্থাপন করিয়াছেন, যাহার মাধ্যমে অত্র সেমি অটো রাইস মিল পরিচালিত হয়। কোনো কারণে ট্রান্সফরমার মেরামতের প্রয়োজন হইলে ১ম পক্ষ ও ২য় পক্ষ যৌথভাবে উক্ত কাজ সম্পাদন করিবেন এবং ২য় পক্ষ অংশীদার হিসেবে খরচ বহন করিবেন।

০৯। অত্র সেমি অটো রাইস মিলটির প্রথম বৎসরের ভাড়া বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা মাত্র ১ম পক্ষ ২য় পক্ষের নিকট হইতে নগদ এককালীন বুঝিয়া পাইয়া রাইস মিলটি ২য় পক্ষের বরাবরে দখল বুঝাইয়া দিলেন।

১০। যে কোনো সময় ১ম পক্ষের মনোনীত ব্যক্তি ২য় পক্ষের গৃহীত সেমি অটো রাইস মিল যথাযথভাবে পরিদর্শন করিতে পারিবেন। এতে ২য় পক্ষ কোনো প্রকার বাধা-বিপত্তি সৃষ্টি করিতে পারিবেন না।

১১। ২য় পক্ষ অত্র চুক্তিনামার কোনো শর্ত বা শর্তাবলী লঙ্ঘন করিলে ১ম পক্ষ ২য় পক্ষকে উচ্ছেদ করিতে পারিবেন। এই ক্ষেত্রে ২য় পক্ষ কোনো প্রকার আপত্তি বা ওজর তুলিতে পারিবেন না, করিলে আইনত অগ্রাহ্য হইবে।

এতদ্বার্থে আমরা ১ম ও ২য় পক্ষ স্বেচ্ছায়, স্বজ্ঞানে, সুস্থ মস্তিষ্কে ও সুস্থ শরীরে, অন্যের কোনো প্রকার প্ররোচনা ব্যতিরেকে অত্র সেমি অটো রাইস মিল ভাড়া চুক্তিনামা লিখাইয়া উহার মর্ম সম্যক অবগত হইয়া নিম্নস্বাক্ষীগণের সম্মুখে স্ব স্ব স্বাক্ষর প্রদান করিলাম।

সম্পাদনের তারিখ:

স্বাক্ষীগণের স্বাক্ষর

১।
২।

১ম পক্ষের স্বাক্ষর:

২য় পক্ষের স্বাক্ষর: